

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৫

মুসনাদে আবু বকর সিদ্দিক (রাঃ) [আবু বকরের বর্ণিত হাদীস] (مسند أبي بكر)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ يَزِيدَ بْنِ خُمَيْرٍ، عَنْ سُلَيْمِ بْنِ عَامِرٍ، عَنْ أَوْسَطَ، قَالَ خَطَبَنَا أَبُو بَكْرٍ، فَقَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَقَامِي هَذَا عَامَ الْأَوَّلِ، وَيَكِي أَبُو بَكْرٍ، فَقَالَ أَبُو بَكْرٍ: سَلُوا اللَّهَ الْمُعَافَاةَ - أَوْ قَالَ: الْعَافِيَةَ - فَلَمْ يُؤْتَ أَحَدٌ قَطُّ بَعْدَ الْيَقِينِ أَفْضَلَ مِنَ الْعَافِيَةِ - أَوْ الْمُعَافَاةِ - عَلَيْكُمْ بِالصِّدْقِ فَإِنَّهُ مَعَ الْبِرِّ، وَهُمَا فِي الْجَنَّةِ، وَإِيَّاكُمْ وَالْكَذِبَ فَإِنَّهُ مَعَ الْفُجُورِ، وَهُمَا فِي النَّارِ، وَلَا تَحَاسَدُوا، وَلَا تَبَاغَضُوا، وَلَا تَقَاطَعُوا، وَلَا تَدَابَرُوا، وَكُونُوا إِخْوَانًا كَمَا أَمَرَكُمُ اللَّهُ

ইসনাদে صحيح، أوسط - وهو ابن إسماعيل بن أوسط البجلي - ثقة روى له النسائي وابن ماجه، وباقي رجاله رجال الصحيح

وأخرجه المروزي (95) ، والبزار (75) من طريق محمد بن جعفر، بهذا الإسناد وأخرجه الطيالسي (5) ، والحميدي (7) ، وابن أبي شيبة 8 / 530 ، والبخاري في " الأدب المفرد " (724) ، وابن ماجه (3849) ، والمروزي (92) و (93) ، والنسائي في " عمل اليوم والليلة " (882) ، وأبو يعلى (121) و (122) و (123) و (124) ، والبغوي في " الجعديات " (1777) من طرق عن شعبة، به وأخرجه الحميدي (2) ، والمروزي (94) ، والنسائي في " عمل اليوم والليلة " (880) و (881) ، والحاكم 1 / 529 من طريقين عن سليم بن عامر، به. قال الحاكم هذا حديث صحيح الإسناد

وأخرجه البزار (74) ، والنسائي (879) من طريقين عن أوسط، به. وسيأتي برقم (17) و (34) و (44)

৫। একবার আবু বাকর (রাঃ) তাঁর ভাষণে বলেন: গত বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার এই জায়গায় দাঁড়িয়ে নামায পড়িয়েছিলেন। এ কথা বলে আবু বাকর (রাঃ) কাঁদতে লাগলেন। তারপর বললেনঃ তোমরা আল্লাহর নিকট সুস্থতা কামনা কর। কেননা ইয়াকীনের (দৃঢ় বিশ্বাস বা মজবুত ঈমান) পর কেউ সুস্থতার চেয়ে উত্তম কোন জিনিস প্রাপ্ত হয়নি। (অর্থাৎ ঈমানের পর সুস্থতা আল্লাহর শ্রেষ্ঠতম নিয়ামত।) তোমরা সত্যবাদিতাকে আঁকড়ে ধর। কেননা তা পুণ্যের সাথে যুক্ত। এই দুটোই জান্নাতে যাওয়ার উপকরণ। তোমরা মিথ্যাচার থেকে সাবধান থাক। কেননা মিথ্যাচার পাপাচারের অন্তর্ভুক্ত। এই দুটোই জাহান্নামে যাওয়ার উপকরণ। তোমরা পরস্পরে হিংসা করো না, বিদ্বেষ পোষণ করো না, সম্পর্কচ্ছেদ করো না। একে অন্যের পেছনে লেগো না। বরঞ্চ আল্লাহর নির্দেশ মূতাবিক ভাই ভাই হয়ে থাক।[১]

English

It was narrated that Awsat said:

Abu Bakr addressed us and said: The Messenger of Allah (ﷺ) stood last year where I am standing. Abu Bakr wept, then he said: Ask Allah to keep you safe and sound, for no one is given anything better, after certainly of faith, than well-being. And you should be truthful, for that goes with righteousness and they lead to Paradise. And beware of lying, for that goes with immorality and they lead to Hell. Do not envy one another, do not bear grudges against one another, do not sever ties with one another, do not turn away from one another; be brothers as Allah has commanded you."

ফুটনোট

[১]. ইবনু হিব্বান (৯৫২), ও আল হাকেম (১/৫২৯) কর্তৃক সহীহ বলে অভিহিত। আলবানী বলেছেনঃ সহীহ। (ইবনু মাজাহ-৩৮৪৯) অত্র হাদীস গ্রন্থে ১৭, ৩৪ ও ৪৪ নং হাদীস দ্রষ্টব্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62648>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন